# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ, ঢাকা

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৬৮৮ জে তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ০৫ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন ২০১৯ এ অংশগ্রহণকারীদের জন্য সম্মেলন সংক্রান্ত অনুসরণীয় তথ্য কণিকা।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ রোজ শনিবার বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দ এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত বিচারকদের অংশগ্রহণে দিনব্যাপী **'জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন ২০১৯'** অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা** প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি প্রদান করেছেন। উক্ত সম্মেলনে **বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি** সভাপতিত্ব করবেন।

এমতাবস্থায়, জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন ২০১৯ এ অংশগ্রহণকারীদের নিম্ন বর্ণিত তথ্য কণিকা অনুসরণের জন্য নির্দেশিত হয়ে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১। সকাল ৭.৩০ - ৮.০০টার মধ্যে সম্মেলন কেন্দ্রে উপস্থিত হতে হবে। সকাল ৭.৩০ টায় এসএসএফ কর্তৃক আর্চওয়েতে নিরাপত্তা তল্লাশী শুরু হবে।

২। সবাইকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে সরবরাহকৃত নেম ব্যাজ এবং জাতীয় পরিচয় পত্র সংগে রাখতে হবে।

৩। সংগে গাড়ি থাকলে সম্মেলন স্থলের পশ্চিম পাশে বাণিজ্য মেলার মাঠে গাড়ি পার্কিংয়ের নির্ধারিত স্থানে গাড়ি পার্ক করতে হবে এবং ড্রাইভার ও গানম্যানদের জন্য দুপুরের খাবারের কূপন সংগ্রহ করতে হবে।

৪। **মোবাইল ফোন নিয়ে ভিতরে প্রবেশ করা যাবে না। উহা নিজ দায়িত্বে সম্মেলনস্থলের বাইরে রেখে আসতে হবে অথবা মূল প্রবেশ পথ (মাঝখানের গেট) সংলগ্ন মোবাইল বুথে জমা দেয়া যেতে পারে।**

৫। **মূল প্রবেশ পথে আর্চওয়ে বসানো থাকবে। আর্চওয়েতে এসএসএফ কর্তৃক নিরাপত্তা তল্লাশী হবে। আর্চওয়েতে প্রবেশের আগেই নেম ব্যাজ পরিধান করতে হবে।**

৬। **আর্চওয়েতে প্রবেশকালে কোনো ধাতব পদার্থ, দাহ্য পদার্থ, ম্যাচ, লাইটার কিছুই সংগে রাখা যাবে না। এসএসএফ সদস্যরা এগুলো নিয়ে ভিতরে প্রবেশ করতে দেবে না।**

৭। নিরাপত্তা তল্লাশী শেষে সম্মেলন কেন্দ্রে ঢোকার পথে নির্দিষ্ট বুথে গিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

৮। রেজিস্ট্রেশনের জন্য জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য সাদা কাপড়ে বেষ্টিত, অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য কমলা কাপড়ে বেষ্টিত, যুগ্ম জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য সবুজ

কাপড়ে বেষ্টিত এবং সিনিয়র সহকারী জজ ও সহকারী জজ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য নীল কাপড়ে বেষ্টিত পৃথক পৃথক বুথ থাকবে।

৯। রেজিস্ট্রেশন বুথে গ্রেডেশন নম্বর/বিভিন্ন সালের BJS পরীক্ষার মেধাক্রম অনুযায়ী নামের তালিকা রক্ষিত থাকবে।

১০। তালিকায় স্বাক্ষরের পর একটি পৃথক রেজিস্ট্রেশন ফরম প্রদান করা হবে। ফরমটি পূরণ করত: সম্মেলন শেষে জমা দিয়ে সুভ্যেনির সংগ্রহ করতে হবে।

১১। ২০১৫ সালের গ্রেডেশন তালিকায় যাদের নাম আছে তাঁরা রেজিস্ট্রেশন ফরমে গ্রেডেশন নম্বর উল্লেখ করবেন। যাদের নাম গ্রেডেশন তালিকায় অন্তর্ভূক্ত হয়নি তাঁরা BJS পরীক্ষার সালসহ মেধাক্রম উল্লেখ করবেন।

১২। জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণ সন্ধ্যায় মহামান্য রাষ্ট্রপতির আমন্ত্রণে বঙ্গ ভবনে যাওয়ার জন্য জিও' র কপি রেজিস্ট্রেশন বুথ হতে সংগ্রহ এবং সংরক্ষণ করবেন।

১৩। সম্মেলন কেন্দ্রের ভিতর মিল্কিওয়ে এলাকায় স্ন্যাকস এবং চা-কফি ৫/৬ টি স্টল হতে সরবরাহ করা হবে।

১৪। মিল্কিওয়ের দক্ষিণ দিকে পুরুষদের জন্য এবং মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম রয়েছে।

১৫। ওয়াশরুমের প্রয়োজন এবং স্ন্যাকস গ্রহণ শেষ করে সকাল ৯.০০ ঘটিকার মধ্যে সম্মেলন কক্ষে (হল অব ফেম) প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করতে হবে।

১৬। জেলা জজ, অতিরিক্ত জেলা জজ এবং যুগ্ম জেলা জজগণ সম্মেলন কক্ষের নিচ তলায় (আসন খালি থাকা সাপেক্ষে) বসবেন। সিনিয়র সহকারী জজ এবং সহকারী জজগণ দ্বিতীয় তলায় বসবেন।

১৭। মাননীয় প্রধানমন্ত্রীর আগমনের ৬০ মিনিট পূর্ব হতে তাঁর প্রস্থান পর্যন্ত কেউ সম্মেলন কক্ষের বাইরে যেতে পারবেন না। নিরাপত্তার স্বার্থে এ সময়ে সকলের গতিবিধি SSF এর পূর্ণ নিয়ন্ত্রনে থাকবে।

১৮। সকাল ১০.০০ টায় সম্মেলনের প্রধান অতিথি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঞ্চে আসন গ্রহণ করবেন।

২০। মিল্কি ওয়ের দক্ষিণ পাশে পুরুষদের জন্য নামাজ ও অজুর ব্যবস্থা আছে। মহিলাদের জন্য মিল্কি ওয়ের উত্তর পাশে পৃথক নামাজের ব্যবস্থা থাকবে।

২১। সম্মেলন কেন্দ্রে মিল্কি ওয়ের উত্তর পাশে একটি মেডিকেল বুথ থাকবে।

২২। মধ্যাহ্ন বিরতির সময় দ্রুত প্রয়োজনীয় কাজ এবং খাওয়া শেষ করে ১.৫৫ ঘটিকার মধ্যে পূনরায় সম্মেলন কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসনে বসতে হবে।

২৩। দ্বিতীয় অধিবেশন শেষে নিচ তলায় অবস্থানকারী বিচার বিভাগীয় কর্মকর্তাগণ গেটের বাইরের কাউন্টারে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম জমা দিয়ে সম্মেলন সংশ্লিষ্ট সুভ্যেনির গ্রহণ করবেন।

২৪। দ্বিতীয় তলায় অবস্থানকারী কর্মকর্তাগণ ২য় তলায় করিডোরের পশ্চিম দিকে স্থাপিত বুথে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম জমা দিয়ে সম্মেলন সংশ্লিষ্ট সুভ্যেনির গ্রহণ করবেন এবং মাঝখানের সিঁড়ি ব্যবহার করে নিচে নামবেন।

২৫। দ্বিতীয় অধিবেশন শেষে মিল্কি ওয়েতে বিভিন্ন স্টল হতে চা-কফি সরবরাহ করা হবে।

০৪.১১.২০১৭

(রেজিস্ট্রার জেনারেল)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-</u>

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ..................................................(সকল)।
৩. মহানগর দায়রা জজ..................................................(সকল)।
৪. যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
৮. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল..................................................(সকল)।
৯. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১১. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
১২. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১৩. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৪. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৫. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৬. সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৭. মহা-পরিদর্শক, নিবন্ধন পরিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
১৮. বিভাগীয় বিশেষ জজ..................................................(সকল)।
১৯. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল..................................................(সকল)।
২০. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল..................................................(সকল)।
২১. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..................................................(সকল)।
২২. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ৪৩ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
২৩. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত..................................................(সকল)।
২৪. স্পেশাল জজ (জেলা জজ)..................................................(সকল)।
২৫. সদস্য (জেলাজজ), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট অ্যাপীলেট ট্রাইব্যুনাল,..................................................(সকল)।
২৬. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, মহানগর দায়রা জজ আদালত ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা।
২৭. চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২৮. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ভবন (১০ম তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা।
২৯. বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল..................................................(সকল)।
৩০. সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
৩১. সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা।

৩২. আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউজ, চট্টগ্রাম।
৩৩. উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,...........................................................(সকল)।
৩৫. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,.......................................................(সকল)।
৩৬. আইন কর্মকর্তা, আইন শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৮. পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেঁশা প্লাজা, ১২৮, শহীদ সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা।
৩৯. আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ফুলবাড়ীয়া, ঢাকা।
৪০. আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
৪২. আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৫. অফিস কপি/গার্ড ফাইল।

(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৫৮৮৪২৯
ই-মেইলঃ **arafatlaw@yahoo.com**